**COVID-19 টিকাকরণের সম্মতির ফর্মের সংযুক্তি 1**

**তথ্যের লিফলেট**

## জ্যানসেন COVID-19 টিকা

### জ্যানসেন COVID-19 টিকা কি এবং কিসের জন্য তা ব্যবহার করা হয়

জ্যানসেন COVID-19 টিকা একটি টিকা যা SARS-CoV-2 ভাইরাসের কারণে হওয়া COVID-19 রোগ প্রতিরোধ করতে ব্যবহৃত হয়। জ্যানসেন COVID-19 টিকা 18 বছর বয়স থেকে প্রাপ্তবয়স্কদের দেওয়া হয়। টিকাটি রোগ প্রতিরোধ ব্যবস্থাকে (দেহের স্বাভাবিক সুরক্ষা ব্যবস্থা) COVID-19 রোগ থেকে রক্ষা করার জন্য ভাইরাসের বিরুদ্ধে কাজ করে এমন অ্যান্টিবডি এবং রক্তকণিকা তৈরি করতে উদ্দীপিত করে। এই টিকার কোন উপাদানই COVID-19 রোগের কারণ হতে পারে না।

### জ্যানসেন COVID-19 টিকা পাওয়ার আগে আপনার যা জানা প্রয়োজন

যদি আপনার সক্রিয় উপাদান বা এই ওষুধের অন্যান্য উপাদানগুলিতে (নীচে তালিকাভুক্ত) অ্যালার্জি থাকে তাহলে জ্যানসেন COVID-19 টিকা দেওয়া উচিত নয়।

### সতর্কীকরণ এবং পূর্ব সতর্কতা

টিকা দেওয়ার আগে টিকা কেন্দ্রে ডাক্তার বা স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে কথা বলুন আপনার যদি:

- কখনো অন্য কোন টিকার ইঞ্জেকশনের পরে গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হয়ে থাকে;
- কোন সূচ দিয়ে দেওয়া ইঞ্জেকশনের পরে অজ্ঞান হয়ে গিয়ে থাকেন;
- বেশি জ্বরের সাথে গরতর সংক্রমণ হয়ে থাকে (38 °C এর বেশি)। কিন্তু আপনার যদি হালকা জ্বর বা উপরের বায়ুপথের সংক্রমণ থাকে (যেমন ঠান্ডা লাগা) তাহলেও আপনি টিকা নিতে পারেন;
- রক্তক্ষরণের সমস্যা বা সহজেই কালশিটে পরে বা আপনি যদি একটি অ্যান্টিকোয়াগুল্যান্ট ওষুধ নেন (রক্ত জমাট বাঁধায় বাঁধা দেওয়ার জন্য);
- এমন রোগ প্রতিরোধ ব্যবস্থা থাকে যা সঠিকভাবে কাজ করে না (ইমিউনোডেফিসিটি) বা এমন কোনও ওষুধ নেন যা আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থাকে প্রভাবিত করে (যেমন উচ্চ-ডোজের কর্টিকোস্টেরয়েডস, ইমিউনোসপ্রেসেন্টস বা ক্যান্সার বিরোধী ওষুধ)।

জ্যানসেন COVID-19 টিকা প্রদানের পরে অত্যন্ত বিরল ক্ষেত্রে রক্ত জমাট বাঁধা এবং কম রক্তের প্লেটলেট পাওয়া গেছে। এই অবস্থার মধ্যে আছে অস্বাভাবিক জায়গায় রক্ত জমাট বাঁধার গুরুতর কেস (যেমন মস্তিষ্ক, অন্ত্র, যকৃৎ, প্লিন) এবং কখনো রক্তক্ষরণ। এই কেসগুলি বেশিরভাগ ক্ষেত্রে টিকা নেওয়ার পরের তিন সপ্তাহের মধ্যে এবং মূলত 60 বছরের কম বয়সী মহিলাদের মধ্যে ঘটে। এই অবস্থার ফলে মৃত্যুও হয়েছে।

যদি টিকা দেওয়ার কিছুদিন পর কোনও তীব্র বা অবিরাম মাথাব্যথা হয় বা দৃষ্টি ঝাপসা হয়, অথবা টিকা দেওয়ার স্থান ব্যতিত ত্বকের অন্যান্য স্থানে অপ্রত্যাশিত কালশিটে দেখা দেয়, এবং তার সাথে শ্বাসকষ্ট, বুকেরর ব্যথা, পা ফোলা বা অবিরাম তলপেটে ব্যথা হয়, তাহলে অবিলম্বে চিকিৎসা করান। এই সব ক্ষেত্রে, চিকিৎসককে বলুন যে আপনাকে সম্প্রতি জ্যানসেন COVID-19 টিকা দেওয়া হয়েছে।

07 এপ্রিল 2021 তারিখের মিটিঙে EMA এর নিরাপত্তা কমিটি (PRAC) সিদ্ধান্ত নিয়েছে যে এখনও বিস্তীর্ণ COVID-19 এর ঝুঁকির বিরুদ্ধে লড়াইয়ে জ্যানসেন COVID-19 টিকার উপকারিতা (যার ফলস্বরূপ জমাট বাঁধার সমস্যা দেখা দেয় এবং তা মারাত্মক হতে পারে) শ্বার্শ প্রতিক্রিয়ার প্রভাবগুলির ঝুঁকিকে অব্যাহতভাবে পরাস্ত করে।

### অন্যান্য ওষুধ এবং জ্যানসেন COVID-19 টিকা

আপনি যদি অন্য কোন ওষুধ বর্তমানে ব্যবহার করেন, সম্প্রতি ব্যবহার করেছেন বা অন্য যে কোনও ওষুধ যা হয়ত ব্যবহার করছেন, বা সম্প্রতি অন্য কোন টিকা নিয়ে থাকেন তাহলে সে সম্পর্কে টিকা কেন্দ্রের চিকিৎসক বা স্বাস্থ্যসেবা পেশাদারকে বলুন।

**গর্ভাবস্থা এবং স্তন্যপান করানো**

আপনি যদি গর্ভবতী হন, বা মনে করেন যে আপনি গর্ভবতী বা আপনার বাচ্চা নেওয়ার পরিকল্পনা থাকে, বা যদি আপনি স্তন্যপান করান তাহলে এই টিকা নেওয়ার আগে চিকিৎসকের পরামর্শ নিন।

অন্তস্বত্বা মহিলাদের মধ্যে জ্যানসেন COVID-19 টিকার ব্যবহার সম্পর্কিত তথ্য সীমিত। পশুর উপর জ্যানসেন COVID-19 টিকার পরীক্ষা গর্ভাবস্থা, ভ্রুণ/ভ্রুণের বিকাশ, প্রসব বা প্রসবোত্তর অবস্থার উপর কোনো সরাসরি বা পরোক্ষ ক্ষতিকারক প্রভাব নির্দেশ করে না। গর্ভাবস্থায় জ্যানসেন COVID-19 টিকা প্রদান করার কথা কেবল তখনই বিবেচনা করা উচিত যখন সম্ভাব্য সুবিধাগুলি মা এবং ভ্রূণের কোনও সম্ভাব্য ঝুঁকিকে অতিক্রম করে।

**টিকার সুরক্ষা প্রদানের মেয়াদকাল এবং তার কার্যকারিতার সীমাবদ্ধতা**

টিকার সুরক্ষা প্রদানের মেয়াদকাল অজানা কারণ এটি এখনও চলমান ক্লিনিকাল ট্রায়ালগুলির মাধ্যমে নির্ধারন করা হচ্ছে। টিকাকরণের আনুমানিক 14 দিন পর থেকে সুরক্ষা শুরু হয়। যে কোন টিকার মতো, জ্যানসেন COVID-19 টিকা সমস্ত টিকা গ্রহণকারীদের সুরক্ষা প্রদান নাও করতে পারে। সুতরাং জনস্বাস্থ্যের পরামর্শ (মুখোশ, সামাজিক দূরত্ব এবং ঘন ঘন হাত ধোয়া) কঠোরভাবে অনুসরণ করা অব্যাহত রাখা অপরিহার্য।

**জ্যানসেন COVID-19 টিকা কিভাবে দেওয়া হয়**

জ্যানসেন COVID-19 টিকা একটি একক ডোজ হিসেবে দেওয়া হয় (বুস্টারের প্রয়োজন ছাড়া) বাহুর উপরের দিকে একটি পেশিতে ইঞ্জেক্ট করে (ইন্ট্রামাস্কিউলার ইঞ্জেকশন)।

**সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া**

সমস্ত টিকার মতই জ্যানসেন COVID-19 টিকাও পার্শ্ব প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে, যদিও সকলেরই সেগুলি হয় না। টিকাকরণের 1-2 দিনের মধ্যে বেশির ভাগ প্বার্শ প্রতিক্রিয়াগুলি দেখা দেয়।

কম প্লেটলেটের স্তরের সাথে রক্ত জমাট বাঁধা অত্যন্ত বিরল ক্ষেত্রে রিপোর্ট করা হয় (থ্রম্বোসাইটোপিনিয়ার সাথে সম্পর্কিত থ্রম্বোটিক সিন্ড্রোম)। টিকাকরণের 3 সপ্তাহের মধ্যে নিম্নলিখিত উপসর্গগুলি দেখা দিলে অবিলম্বে চিকিৎসা করান:

- তীব্র বা অবিরাম মাথা ব্যথা, ঝাপসা দৃষ্টি, মানসিক স্থিতির পরিবর্তন বা মৃগী রোগে আক্রান্ত হওয়া (কনভালশন);
- শ্বাস নিতে কষ্ট হওয়া, বুকের ব্যথা, পা ফোলা, পা ব্যথা বা অবিরাম পেটের ব্যথা;
- ত্বকে অস্বাভাবিক কালশিটে অথবা টিকাকরণের জায়গা বাদে অন্যত্র অত্যন্ত ছোট গোল দাগ।

গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়ার কোনও উপসর্গ দেখা দিলে জরুরি চিকিৎসা সহায়তা নিন; এই প্রতিক্রিয়াগুলির মধ্যে নিম্নলিখিত উপসর্গগুলির কোন একটির একত্রিকরণ থাকতে পারে:

- জ্ঞান হারিয়ে যেতে পারে মনে হওয়া বা মাথা হালকা লাগা
- হৃদযন্ত্রের হারে পরিবর্তন
- শ্বাস নিতে কষ্ট হওয়া
- শ্বাস নেওয়ার সময় বাতাসের শব্দ হওয়া
- ঠোঁট, মুখ বা গলা ফোলা
- ত্বকে গোল লাল দাগ পোষাক বা ফুসকুড়ি
- বমি ভাব, বমি হওয়া
- পেট ব্যথা।

জ্যানসেন COVID-19 টিকা নিম্নলিখিত প্বার্শ প্রতিক্রিয়ার কারণ হতে পারে:

*খুব সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া* (10 জনের মধ্যে 1 জনেরও বেশির উপর প্রভাব ফেলতে পারে):

- মাথা ব্যাথা
- বমিভাব
- পেশির ব্যথা
- ইঞ্জেকশন দেওয়ার জায়গায় ব্যথা

- খুব ক্লান্ত লাগা

*সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া* (10 জনের মধ্যে 1 জন পর্যন্ত মানুষ প্রভাবিত হতে পারেন):

- ইনজেকশনের জায়গায় লালভাব
- ইনজেকশনের জায়গায় ফুলে যাওয়া
- কাঁপুনি
- গ্রন্থির ব্যথা
- জ্বর
- কাশি

*সাধারণত হয় না এমন পার্শ্ব প্রতিক্রিয়া* (100 জনের মধ্যে 1 জন পর্যন্ত মানুষ প্রভাবিত হতে পারেন):

- ফুসকুড়ি হওয়া
- পেশীর দূর্বলতা
- বাহুতে বা পায়ে ব্যথা
- দূর্বলতা
- সাধারণভাবে অসুস্থ বোধ করা
- হাঁচি হওয়া
- গলা ব্যথা
- পিঠে ব্যথা
- কাঁপুনি
- অত্যাধিক ঘাম হওয়া

*বিরল পার্শ্ব প্রতিক্রিয়া* (1,000 জনের মধ্যে 1 জন পর্যন্ত মানুষ প্রভাবিত হতে পারেন):

- অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া
- হাইভ

*অতি বিরল পার্শ্ব প্রতিক্রিয়া* (10,000 জনের মধ্যে 1 জন পর্যন্ত মানুষ প্রভাবিত হতে পারেন)

- অস্বাভাবিক জায়গায় রক্তের রক্ত জমাট বাঁধা (যেমন মস্তিষ্ক, অন্ত্র, যকৃত, প্লীহা), যা নিম্ন রক্তের প্লেটলেটের সাথে সম্পর্কিত।

*অজানা ফ্রিকোয়েন্সির প্বার্শপ্রতিক্রিয়া* (উপলব্ধ ডেটা থেকে অনুমান করা সম্ভব নয়:

- গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া

আপনার যদি কোনও পার্শ্ব প্রতিক্রিয়া হয়, তা উপরে তালিকাবদ্ধ না হলেও, আপনার চিকিৎসকের সাথে কথা বলুন বা টিকা কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

ন্যাশনাল রিপোর্টিং সিস্টেমের মাধ্যমেও আপনি সরাসরি কোনো পার্শ্ব প্রতিক্রিয়া রিপোর্ট করতে পারেন (https://www.aifa.gov.it/content/segnalazioni-reazioni-avverse)।

**জ্যানসেন COVID-19 টিকাতে কি থাকে**

সক্রিয় উপাদান হল একটি রিকম্বিন্যান্ট রেপ্লিকেশন-ইঙ্কম্পিট্যান্ট অ্যাডেনোভাইরাস টাইপ 26 যা SARS--CoV-2 স্পাইক প্রোটিন প্রকাশ করে।

এই পণ্যটিতে জিনগতভাবে পরিবর্তিত জীব আছে (GMO)।

অন্যান্য নিষ্ক্রিয় বাহকগুলি হল: 2-হাইড্রক্সিপ্রোপাইল-β-সাইক্লোডেক্সট্রিন (HBCD); সাইট্রিক অ্যাসিড মোনোহাইড্রেট; ইথ্যানল; হাইড্রোক্লোরিক অ্যাসিড; পলিসর্বেট-80; সোডিয়াম ক্লোরাইড; সোডিয়াম হাইড্রোক্সাইড; ট্রাইসোডিয়াম সাইট্রেট ডাইহাইড্রেট; ইঞ্জেকশনের জন্য জল।